সংবাদ | সাক্ষাৎকার | টক-শো | ম্যাগাজিন

The DhakaChat বাংলা

ই-পেপার

২৫ আগস্ট ২০২৫ | সোমবার

www.thedhakachat.com

# বাংলাদেশ-পাকিস্তানের মধ্যে এক চুক্তি এবং চার সমঝোতা স্মারক সই



ডেস্ক রিপোর্ট: বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে একটি চুক্তি ও চারটি সমঝোতা স্মারক (এমওইউ) সই হয়েছে। পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন এবং পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মদ ইসহাক দারের মধ্যে দ্বিপাক্ষিক বৈঠক শেষে রোববার দুপুরে উভয় দেশের মধ্যে চুক্তি ও সমঝোতা স্মারক সই হয়।

এর আগে রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে দুই দেশের পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বাংলাদেশের নেতৃত্ব দেন পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন। পাকিস্তানের নেতৃত্ব দেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার, খবর সমকাল।

ভিসা বিলোপ চুক্তি: দুই দেশের সরকারি ও কূটনৈতিক পাসপোর্টধারীদের ভিসা বিলোপ চুক্তি সই হয়েছে।

সমঝোতা স্মারক: সই হওয়া সমঝোতা স্মারকগুলো (এমওইউ) হলো- দুই দেশের বাণিজ্যবিষয়ক জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ গঠন। দুই দেশের ফরেন সার্ভিস একাডেমির মধ্যে সহযোগিতা। দুই দেশের রাষ্ট্রীয় বার্তা সংস্থার (বাসস ও এপিপিসি) মধ্যে সহযোগিতা। বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজের (বিআইআইএসএস) সঙ্গে পাকিস্তানের ইনস্টিটিউট অব স্ট্র্যাটেজিক স্টাডিজ ইসলামাবাদের (আইএসএসআই) সহযোগিতা।

সকাল ১০টায় দ্বিপক্ষীয় বৈঠকে বসার আগে তৌহিদ হোসেন ও ইসহাক দার একান্ত বৈঠকের কথা জানা গেছে। এরপর প্রথমবারের মতো আনুষ্ঠানিকভাবে পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ে দ্বিপক্ষীয় বৈঠকে বসে বাংলাদেশ ও পাকিস্তান। ইসহাক দার নিজ দেশের প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন। বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন।

বৈঠকের পর ইসহাক দারের সফর উপলক্ষে মধ্যাহ্নভোজের আয়োজন করেছে সরকার। বিকেল ৪টা ১৫ মিনিটে প্রধান উপদেষ্টার সঙ্গে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় সৌজন্য সাক্ষাৎ করবেন পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী। এরপর তিনি বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যানসহ সরকারের উচ্চপর্যায়ে বেশ কয়েকটি বৈঠকের কথা রয়েছে। ইসহাক দার বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের বাসায় দেখা করতে যাবেন। রোববার রাতে বিশেষ ফ্লাইটে ঢাকা ত্যাগ করবেন পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী।

ইসহাক দার শনিবার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছালে তাঁকে স্বাগত জানান পররাষ্ট্র সচিব আসাদ আলম সিয়াম। গত বছর ৫ আগস্ট শেখ হাসিনা সরকার পতনের পর ইসহাক দারকে নিয়ে পাকিস্তানের মন্ত্রিসভার তৃতীয় সদস্য ঢাকায় এলেন। গত জুলাইয়ে ঢাকায় আসেন পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী মহসিন নকভী। গত বুধবার ঢাকায় এসেছেন পাকিস্তানের বাণিজ্যমন্ত্রী জাম কামাল খান।

ঢাকা সফরে ইসহাক দার অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস, পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেনের সঙ্গে বৈঠক করবেন। এ ছাড়া বিভিন্ন রাজনৈতিক দলের নেতার সঙ্গেও তাঁর বৈঠক করার কথা রয়েছে। শনিবার বিকেলে পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রীর সফর উপলক্ষে অভ্যর্থনার আয়োজন করে ঢাকায় দেশটির হাইকমিশন। এর ফাঁকে বিএনপি, জামায়াতে ইসলামী, জাতীয় নাগরিক পার্টিসহ শিক্ষাবিদ, রাজনীতিবিদ ও নাগরিক সমাজের কয়েকজন সদস্যের সঙ্গে আলাদা বৈঠক করেন ইসহাক দার।

# তিন বাহিনীর নতুন বেতন কাঠামো নির্ধারণে কমিটি গঠন

ডেস্ক রিপোর্ট: সেনা, নৌ ও বিমান বাহিনীর সদস্যদের জন্য নতুন বেতন কাঠামো নির্ধারণে ‘সশস্ত্র বাহিনী বেতন কমিটি, ২০২৫’ গঠন করেছে সরকার। সম্প্রতি এই কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারি করে সশস্ত্র বাহিনী বিভাগ। এতে সই করেছেন সশস্ত্র বাহিনী বিভাগের লেফটেন্যান্ট জেনারেল (প্রিন্সিপাল স্টাফ অফিসার) এস এম কামরুল হাসান।

লেফটেন্যান্ট জেনারেল মো. ফয়জুর রহমানের নেতৃত্বে নয় সদস্যের কমিটিতে ব্রিগেডিয়ার জেনারেল নিশাদুল ইসলাম খান সদস্যসচিবের দায়িত্ব পালন করবেন। কমিটির সদস্য হিসেবে রয়েছেন- মেজর জেনারেল মো. নাসিম পারভেজ, রিয়ার অ্যাডমিরাল মো. জহির উদ্দিন, এয়ার ভাইস মার্শাল রুসাদ দীন আছাদ, ব্রিগেডিয়ার জেনারেল অং চ ছা মং, এয়ার কমডোর জামিল উদ্দিন আহম্মদ, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মিলিয়া শারমিন ও ক্যাপ্টেন মো. তৌহিদ সাগর, খবর বাসস।



কমিটিকে আগামী ৩১ অক্টোবরের মধ্যে বেতন-ভাতা, অবসর সুবিধা, পারিবারিক পেনশনসহ বিভিন্ন আর্থিক সুবিধার সুপারিশ জমা দিতে বলা হয়েছে। এই কমিটি গত ২৭ জুলাই গঠিত জাতীয় বেতন কমিশনের সঙ্গে ‘সমন্বয় ও নিবিড় যোগাযোগ’ রক্ষা করে কাজ করবে। এছাড়া বাড়িভাড়া, চিকিৎসা, যাতায়াত, উৎসব ভাতাসহ অন্যান্য সুবিধা যৌক্তিকীকরণ এবং বেতনক্রমের অসঙ্গতি দূর করতে সুপারিশ জমা দিতে বলা হয়েছে কমিটিকে।
প্রজ্ঞাপনে বলা হয়, কমিটি প্রয়োজনে তিন বাহিনীর জন্য পৃথক সাব-কমিটি গঠন করতে পারবে এবং যে কোনো সংস্থা বা ব্যক্তির সহায়তা নিতে পারবে। এছাড়া জীবনযাত্রার ব্যয়, অর্থনৈতিক প্রবৃদ্ধি, দারিদ্র্য নিরসন ও সশস্ত্র বাহিনীর সদস্যদের বিশেষ দায়িত্ব বিবেচনায় নিয়ে সুপারিশ প্রণয়নের নির্দেশ দেওয়া হয়েছে প্রজ্ঞাপনে।
গত ২৪ জুলাই সরকারি চাকরিজীবীদের জন্য নতুন বেতনকাঠামো করতে পে কমিশন গঠন করে অন্তর্বর্তী সরকার।
সাবেক অর্থসচিব জাকির আহমেদ খানকে প্রধান করে গঠিত ওই পে কমিশনকে ছয় মাসের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

# সাদা পাথর ফেরত দিতে ৩ দিনের আলটিমেটাম দিয়েছে প্রশাসন

ডেস্ক রিপোর্ট: সিলেটের সাদা পাথর থেকে পাথর সরিয়ে বিভিন্ন জায়গায় লুকিয়ে রাখা পাথরগুলো ফিরিয়ে দিতে তিন দিনের আলটিমেটাম দিয়েছে উপজেলা প্রশাসন শনিবার (২৩ আগস্ট) দুপুর ১২টায় কোম্পানীগঞ্জ উপজেলার সর্বসাধারণের সঙ্গে উপজেলা প্রশাসনের মতবিনিময় সভায় এ সিদ্ধান্ত জানানো হয়।
সভায় আরও বলা হয়, তিন দিন পরে যদি কারও কাছে সাদা পাথর পাওয়া , তাহলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে, খবর ইত্তেফাক।
কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন—সিলেটের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) পদ্মসন সিংহ।

কোম্পানীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ রবিন মিয়ার সভাপতিত্বে মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন—কোম্পানীগঞ্জ গোয়াইনঘাট সার্কেল এএসপি আব্দুল্লাহ আল নোমান, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আব্দুল মতিন, কোম্পানীগঞ্জ থানার ওসি (তদন্ত) সুজন চন্দ্র, কোম্পানীগঞ্জ প্রেসক্লাবে সাধারণ সম্পাদক আব্দুল জলিল, সিলেট বিএনপির উপদেষ্টা অ্যাডভোকেট কামাল হোসেন, কোম্পানীগঞ্জ উপজেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা ফয়জুর রহমান, ইছাকলস ইউনিয়ন চেয়ারম্যান সাজ্জাদ হোসেন সাজু, চুনাপাথর আমদানিকারক গ্রুপের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, ক্রাশ মিল মালিক সমিতির সভাপতি আব্দুল জলিল, পাথর ব্যবসায়ী সমিতির সভাপতি আবুল হোসেন, খেলাফত মজলিসের সাধারণ সম্পাদক হাফিজ মাসুম আহমদ, গণঅধিকার পরিষদের আহ্বায়ক লিটন মাহমুদ প্রমুখ।

কোম্পানীগঞ্জ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিবলী আতিকা তিন্নির সঞ্চালনায় মতবিনিময় সভায় বক্তারা বলেন, ‘কোম্পানীগঞ্জ যেহেতু পাথর অধ্যুষিত এলাকা তাই পর্যটন ও সংরক্ষিত এলাকা নির্ধারণ করে সনাতন পদ্ধতিতে পাথর কোয়ারি থেকে পাথর উত্তোলনের জন্য লিজ দিতে হবে। তা না হলে অবৈধ পন্থায় পাথর উত্তোলন বন্ধ করা কঠিন হবে। ব্যবসায়ীরা দাবি করেন বৈধ পন্থায় যারা পাথর আমদানি বা ক্রাশিং করছেন তাদের হয়রানি বন্ধ ও ক্রাশিং মিলের বৈদ্যুতিক সংযোগ ফিরিয়ে দিতে হব।’
প্রধান অতিথি পদ্মসন সিংহ বলেন, সাদা পাথরের সৌন্দর্য্য আগের জায়গায় ফিরিয়ে আনতে আমরা আপনাদের সহযোগিতা চাই। জেলা প্রশাসকের নির্দেশ আগামী তিন দিনের মধ্যে প্রতি ওয়ার্ডের লোকজন যাতে সাদা পাথর ফিরিয়ে দেয়। যদি কেউ পাথর ফিরিয়ে না দেয় তাহলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়টি শনিবার বিকেল থেকে মাইকিংয়ের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

# ফজলুর রহমানকে বিএনপির শোকজ



ডেস্ক রিপোর্ট: বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা ও কিশোরগঞ্জ-৩ আসনের সাবেক সংসদ সদস্য ফজলুর রহমানকে শোকজ করা হয়েছে। আজ রবিবার বিএনপির দপ্তর সূত্রে এ তথ্য নিশ্চিত করা হয়েছে, খবর আমাদের সময়।

ফজলুর রহমানকে দেওয়া শোকজ নোটিশে উল্লেখ করা হয়েছে,'আপনি জুলাই-আগস্ট ঐতিহাসিক গণঅভ্যুত্থান নিয়ে ক্রমাগত কুরুচিপূর্ণ ও বিভ্রান্তিকর বক্তব্য দিয়ে আসছেন এবং আত্মদানকারী শহিদদের নিয়ে যে বক্তব্য দিচ্ছেন তা সম্পূর্ণরূপে দলীয় আদর্শ ও গণঅভ্যুত্থানের চেতনার পরিপন্থী। এই গণঅভ্যুত্থানের বিরুদ্ধে এবং গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলন নিয়ে আপনার বক্তব্য জনমনে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি করেছে। আপনার বক্তব্য দলের সুনাম ক্ষুণ্ণ করার সুপরিকল্পিত চক্রান্তের প্রয়াস বলে অনেকেই মনে করে। এমনকি আপনি জনগণের ধর্মীয় অনুভূতিতেও আঘাত দিয়ে কথা বলছেন। জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে বিএনপির সাড়ে চারশোর অধিক নেতাকর্মীসহ ছাত্র-জনতার প্রায় দেড় হাজারের অধিক মানুষ শহিদ হয়েছেন এবং ত্রিশ হাজারেরও অধিক মানুষ গুরুতর আহত হয়েছেন। গণতন্ত্র পুনরুদ্ধারের জন্য গণঅভ্যুত্থানে ছাত্র-জনতার এ ধরণের বীরোচিত ভূমিকাকে আপনি প্রতিনিয়ত অপমান ও অমর্যাদা করছেন।'

শোকজে আরও বলা হয়,এ ধরণের উদ্ভট ও শৃঙ্খলা পরিপন্থী বক্তব্যের কারণে কেন আপনার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার যথাযথ কারণ দেখিয়ে আগামী ২৪ ঘণ্টার মধ্যে একটি লিখিত জবাব দলের নয়াপল্টনের কেন্দ্রীয় কার্যালয়ে জমা দেওয়ার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

# পাবনায় প্রতিপক্ষের ছুরিকাঘাতে যুবদল নেতা নিহত

ডেস্ক রিপোর্ট: পাবনা সদর উপজেলার গয়েশপুর ইউনিয়নের ইসলামপুরে প্রতিপক্ষের ছুরিকাঘাতে মেহেদী মাসুদ পাভেল (৩৫) নামে এক যুবদল নেতা নিহত হয়েছেন। এ ঘটনায় গুরুতর আহত হয়েছেন আরও একজন।
শনিবার (২৩ আগস্ট) রাত ১০টার দিকে এ ঘটনা ঘটে, খবর বাংলা নিউজ টুয়েন্টিফোর।
পাভেল ইসলামপুর গ্রামের মৃত মুসলেম মাস্টারের ছেলে এবং গয়েশপুর ইউনিয়ন যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক ছিলেন।
আহত সজিব মোল্লা ওরফে ইমরান (২৪) একই এলাকার আব্দুর সবুর মোল্লার ছেলে। বর্তমানে তিনি গুরুতর অবস্থায় চিকিৎসাধীন।
স্থানীয় সূত্রে জানা যায়, মাদক ব্যবসা ও পূর্ব বিরোধের জেরে প্রতিপক্ষরা এ হামলা চালায়। এ ঘটনায় অভিযুক্ত হিসেবে এলাকার জনি, জুয়েল, নজরুল, মফিজ উদ্দিন, ময়েজ উদ্দিন প্রামাণিক, তৌফিক উদ্দিন, আশরাফ আলী, লিয়াকত ও দুলালসহ অন্তত ৯ জনের নাম উঠে এসেছে।
তারা সবাই ইসলামপুর গ্রামের বাসিন্দা।
এদিকে যুবদল নেতার খুনের ঘটনায় উভয়পক্ষের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করছে।



# ডিজিটাল ব্যাংক খুলতে লাগবে কমপক্ষে ৩০০ কোটি টাকা

ডেস্ক রিপোর্টঃ বাংলাদেশ ব্যাংক দেশে নতুন প্রজন্মের ডিজিটাল ব্যাংক চালুর উদ্যোগ নিয়েছে। এর অংশ হিসেবে ডিজিটাল ব্যাংক প্রতিষ্ঠার জন্য ন্যূনতম পরিশোধিত মূলধনের সীমা বাড়ানো হয়েছে। আগে যেখানে এই মূলধন ছিল ১২৫ কোটি টাকা, সেখানে নতুন সিদ্ধান্ত অনুযায়ী এটি হবে ৩০০ কোটি টাকা। রোববার (২৪ আগস্ট) বাংলাদেশ ব্যাংকের এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

নীতিমালার পরিবর্তন

বাংলাদেশ ব্যাংক ২০২৩ সালের ১৪ জুন প্রথমবারের মতো ডিজিটাল ব্যাংকের নীতিমালা প্রণয়ন করে। সে সময় ন্যূনতম মূলধন নির্ধারণ করা হয়েছিল ১২৫ কোটি টাকা। তবে প্রচলিত ব্যাংকের লাইসেন্স পেতে বর্তমানে যে পরিমাণ মূলধন প্রয়োজন, তা হলো ৫০০ কোটি টাকা। এবার মূলধন সীমা বাড়িয়ে ৩০০ কোটি টাকা করার মাধ্যমে বাংলাদেশ ব্যাংক ডিজিটাল ব্যাংকগুলোর আর্থিক সক্ষমতা ও স্থায়িত্ব নিশ্চিত করতে চাইছে।



নতুন ডিজিটাল ব্যাংকের লাইসেন্স প্রদান করা হবে ১৯৯১ সালের ব্যাংক কোম্পানি আইন অনুযায়ী। আর এর অধীনে পরিচালিত পেমেন্ট সেবা চলবে বাংলাদেশ পেমেন্ট অ্যান্ড সেটেলমেন্ট সিস্টেম রেগুলেশন ২০১৪ অনুযায়ী।

**ব্যাংকিং হবে পুরোপুরি ডিজিটাল**

ডিজিটাল ব্যাংকের ক্ষেত্রে প্রচলিত ব্যাংকের মতো কোনো শাখা, উপশাখা বা শারীরিক অবকাঠামো থাকবে না। ব্যাংকটির প্রধান কার্যালয় থাকলেও সেবা দিতে হবে সম্পূর্ণ অনলাইন বা অ্যাপ–নির্ভর পদ্ধতিতে। গ্রাহককে কোনো ওভার দ্য কাউন্টার (ওটিসি) সেবা দেওয়া যাবে না। এমনকি ডিজিটাল ব্যাংকের নিজস্ব এটিএম, সিডিএম বা সিআরএমও থাকবে না।

তবে গ্রাহকের সুবিধার্থে ২৪ ঘণ্টা সেবা দেওয়ার সুযোগ থাকবে। লেনদেন সহজ করতে ডিজিটাল ব্যাংকগুলো ভার্চ্যুয়াল কার্ড, কিউআর কোডসহ উন্নত প্রযুক্তিভিত্তিক পণ্য সরবরাহ করতে পারবে। তবে প্রচলিত প্লাস্টিক কার্ড দেওয়ার সুযোগ থাকবে না। গ্রাহকেরা চাইলে অন্য ব্যাংকের এটিএম বা এজেন্ট সেবা ব্যবহার করতে পারবেন।

**সীমিত ঋণ সুবিধা**

ডিজিটাল ব্যাংকগুলো বড় বা মাঝারি শিল্পে ঋণ দিতে পারবে না। তারা শুধু ক্ষুদ্রঋণ বা ছোট আকারের ঋণ সুবিধা প্রদান করতে পারবে। পাশাপাশি কোনো ধরনের ঋণপত্র (এলসি) খোলারও অনুমতি দেওয়া হবে না। অর্থাৎ তাদের কার্যক্রম মূলত খুচরা ব্যাংকিং, লেনদেন ও ক্ষুদ্রঋণ প্রদানের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

**আইপিও আনার বাধ্যবাধকতা**

বাংলাদেশ ব্যাংক জানিয়েছে, অনুমোদন পাওয়ার পাঁচ বছরের মধ্যে প্রতিটি ডিজিটাল ব্যাংককে শেয়ারবাজারে তালিকাভুক্ত হয়ে প্রাথমিক গণপ্রস্তাবনা (আইপিও) আনতে হবে। আইপিওর পরিমাণ অবশ্যই উদ্যোক্তাদের প্রাথমিক বিনিয়োগের সমপরিমাণ হতে হবে। এর মাধ্যমে সাধারণ জনগণের অংশগ্রহণ বাড়ানো এবং মূলধন বাজারকে শক্তিশালী করার লক্ষ্য রয়েছে।

**বৈশ্বিক প্রেক্ষাপট**

বাংলাদেশে যখন ডিজিটাল ব্যাংকের নতুন নীতিমালা কার্যকর হচ্ছে, তখন বিশ্বের বিভিন্ন দেশেই প্রচলিত ‘ব্রিক অ্যান্ড মর্টার’ ব্যাংক থেকে সরে গিয়ে অনলাইন বা ডিজিটাল ব্যাংকিং জনপ্রিয় হয়ে উঠছে। দক্ষিণ এশিয়ার প্রতিবেশী দেশ ভারত ও পাকিস্তান ইতিমধ্যেই ২০২২ সালে ডিজিটাল ব্যাংক চালু করেছে। বাংলাদেশের ব্যাংকিং খাতেও একই ধরনের পরিবর্তনের ছাপ দেখা যাচ্ছে।

**বিশেষজ্ঞদের মতামত**

অর্থনৈতিক বিশ্লেষকদের মতে, ডিজিটাল ব্যাংক চালুর মাধ্যমে দেশের ব্যাংকিং খাতে নতুন এক দিগন্ত উন্মোচিত হবে। এটি একদিকে যেমন ব্যাংকিং খরচ কমাবে, অন্যদিকে গ্রামীণ ও প্রান্তিক জনগোষ্ঠীকে সহজে আর্থিক সেবার আওতায় আনতে সহায়তা করবে। তবে সফলভাবে কার্যক্রম চালাতে হলে সাইবার নিরাপত্তা, ডিজিটাল অবকাঠামো এবং জনসচেতনতা নিশ্চিত করা অত্যন্ত জরুরি।

সবখবর সবার আগে পেতে ভিজিট করুন-

www.thedhakachat.com

The DhakaChat বাংলা

https://www.youtube.com/@DhakaChat
https://www.facebook.com/DhakaChatShow

Publisher: **DPH Agency**
E-mail: dhakachat.show@gmail.com